

রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবন

Internal Examination, December 2022

Semester III, Paper: CC-6

পূর্ণমানঃ ২০, সময়ঃ ১ ঘন্টা

১। ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়? কোন নাটক অভিনয়ের দিয়ে এই রঙ্গমঞ্চের আরম্ভ হয়? ১+১=২

অথবা,

‘বেঙ্গলি থিয়েটার’ র প্রতিষ্ঠাতা কে? এখানে অভিনীত নাটকের নাম উল্লেখ করো। ১+১=২

২। ‘কৃষ্ণকুমারী’ নাটকে যে দুটি পাশ্চাত্য নাটকের ছায়াপাত লক্ষ করা যায়, নাট্যকারের নামসহ লেখ। ২

অথবা,

“হে বিধাতঃ, তুমি এই যে প্রমাদ-অগ্নির সূত্র কল্যে, এ কি রক্তশ্রোতঃ ব্যতীত আর কিছুতে নিব্বাণ হবে?”—বজ্রা কে? ‘প্রমাদ-অগ্নি’ বলতে কি বোঝানো হয়েছে? ১+১=২

৩। ‘রাজা’ নাটকের রচনাকাল উল্লেখ করে এর কাহিনি কোথা থেকে আহত হয়েছে, লেখো। ২

অথবা,

‘রাজা’ নাটকটির সংক্ষিপ্ত অভিনয়যোগ্য সংস্করণটির নাম কি? ২

৪। ‘নবান্ন’ নাটকটি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়? নাটকটি কোথায় প্রথম অভিনীত হয়? ১+১=২

অথবা,

“তা আমি বলি কী যে ও দুঃখ-কষ্ট যা কপালে আছে সে তো আছেই, মাঝখান থেকে জমিটুকু খুইয়ে আর কী এমন সৌভাগ্য বাড়বে!”—কে কাকে একথা বলেছে? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১=২

৫। যেকোন ২ টি প্রশ্নের উত্তর দাওঃ- ৬*২=১২

ক) ‘বেলগাছিয়া নাট্যশালা’র সংক্ষিপ্ত পরিচয় দাও।

খ) ‘কৃষ্ণকুমারী’ নাটকটিকে ঐতিহাসিক ট্রাজেডি বলা যায় কিনা সংক্ষেপে আলোচনা করো।

গ) ‘রাজা’ নাটকটি অবলম্বনে সুরঙ্গমা চরিত্রটি চিত্রিত করো।

ঘ) গণনাট্য আন্দোলন ধারার নাটক হিসেবে ‘নবান্ন’ নাটকটির সার্থকতা নিরূপণ করো।